"মাদককে না বলুন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

"মাদকাসক্তি শুধু ব্যাক্তিকেই নয় পরিবারকেও ধ্বংস করে"

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটির নভেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: জাহাঙ্গীর হোসেন<br>জেলা ম্যাজিস্ট্রেট |
| সভার তারিখ | ১৩ই নভেম্বর, ২০২২খ্রি. |
| সভার সময় | সকাল ১১:৩০ ঘটিকা। |
| স্থান | জেলা প্রশাসক, সুনামগঞ্জ-এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নির্ধারিত আলোচ্য বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | মাদকবিরোধী মোবাইল কোর্ট ও টাস্কফোর্স অভিযান সংক্রান্ত। | আলোচনা : সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ কর্তৃক পরিচালিত মাদকবিরোধী মোবাইল কোর্ট অভিযানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>**<u>মোবাইল কোর্ট অভিযান:</u>**<br>১। অক্টোবর/২০২২ মাসে জনাব সালমা পারভীন, উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ এর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ এর সহায়তায় সুনামগঞ্জ সদর উপজেলায় ২৭(সাতাশ)টি মাদকবিরোধী মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযান পরিচালনাকালে গাঁজা সেবন ও ৭৫৮(সাতশত আটান্ন) গ্রাম গাঁজা সংরক্ষনের অপরাধে ১২(বার) জনকে আটক করা হয়েছে এবং তাদের ০১(এক)জনকে ০৬(ছয়) মাসের, ০১(এক)জনকে ০১(এক) মাসের, ০৯(নয়) জনকে ১০(দশ) দিনের, ০১ জনকে ০৩(তিন) দিনের বিনাশ্রম কারাদন্ড এবং সর্বমোট ১,৬০০ (এক হাজার ছয়শত) টাকা অর্থদন্ড আরোপ করা হয়েছে ।<br>২। সেপ্টেম্বর/২০২২ মাসে জনাব মো: ইসলাম উদ্দিন, সহকারী কমিশনার (ভূমি), ছাতক, সুনামগঞ্জ এর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ এর সহায়তায় ছাতক উপজেলায় ০৪ (চার) টি মাদকবিরোধী মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযান পরিচালনাকালে ২০(বিশ) গ্রাম গাঁজা সংরক্ষনের অপরাধে ০১(এক) জনকে আটক করা হয়েছে এবং তাকে ১০ (দশ) দিনের বিনাশ্রম কারাদন্ড ও ২০০ (দুইশত) টাকা অর্থদন্ড আরোপ করা হয়েছে।<br>৩। অক্টোবর/২০২২ মাসে জনাব মাহমুদুর রহমান মামুন, উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ এর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ এর সহায়তায় দিরাই উপজেলায় ০৬(ছয়) টি মাদকবিরোধী মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযান পরিচালনাকালে ১৫০ (একশত পঞ্চাশ) গ্রাম গাঁজা সংরক্ষনের অপরাধে ০৪(চার) জনকে আটক করা হয়েছে এবং তাদের প্রত্যেককে ০৭ (সাত) দিনের বিনাশ্রম কারাদন্ড ও প্রত্যেককে ১০০ (একশত) টাকা করে মোট ৪০০ (চারশত) টাকা অর্থদন্ড আরোপ করা হয়েছে।<br><u>সিদ্ধান্ত:</u> মাদকবিরোধী মোবাইল কোর্ট অভিযান অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | (ক) পুলিশ সুপার, সুনামগঞ্জ।<br>(খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ।<br>(গ) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ। |

